



লাল-সবুজে মোড়ানো কফিনে দেশে ফিরছেন ওসমান হাদি



সংগৃহীত ছবি

স্বপ্ন ছিল মানুষের পক্ষে দাঁড়ানোর, অন্যায়ের বিরুদ্ধে সরব কণ্ঠ হওয়ার। ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদি সেই পথেই এগোচ্ছিলেন। কিন্তু হঠাৎ সহিংসতার এক মুহূর্ত সবকিছু খামিয়ে দেয়। টানা এক সপ্তাহ জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে থাকার পর শেষ পর্যন্ত হার মানেন তিনি। আজ নিখর দেহ হয়ে লাল-সবুজের কফিনে দেশে ফিরছেন হাদি—যে কফিন বহন করছে সাহসী এক অধ্যায়ের সমাপ্তি।

শুক্রবার (১৯ ডিসেম্বর) দুপুরে তার ভেরিফায়েড ফেসবুক পেজে কফিনবন্দি একটি ছবি প্রকাশ করা হয়। সেখানে স্মরণ করিয়ে দেওয়া হয় হাদির আগের একটি বক্তব্য, যেখানে তিনি বলেছিলেন—বিশেষ কোনো আয়োজন নয়, সাধারণ কফিনেই যেন তাকে বিদায় দেওয়া হয়। সেই কথাই আজ বাস্তব হয়ে ধরা দিল, যেন নিজের আদর্শের সঙ্গেই শেষ বিদায়। চিকিৎসাহীন অবস্থায় সিঙ্গাপুর জেনারেল হাসপাতালে মারা যাওয়া ওসমান হাদির মরদেহ বাংলাদেশ সময় সন্ধ্যায় ঢাকায় পৌঁছানোর কথা রয়েছে। স্থানীয় সময় বিকেল ৩টা ৫০ মিনিটে সিঙ্গাপুর থেকে ফ্লাইটটি ছেড়ে আসবে এবং সন্ধ্যা ৬টা ৫ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করার সূচি রয়েছে। আগামীকাল শনিবার জানাজা শেষে তার দাফন সম্পন্ন হবে।

ঢাকা-৮ আসনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচনী প্রচারণায় সক্রিয় ছিলেন হাদি। গত ১২ ডিসেম্বর জুমার নামাজের পর পুরানা পল্টনের বঙ্গ কালভার্ট এলাকায় গুলিবর্ষ হয়ে গুরুতর আহত হন তিনি। প্রথমে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে এবং পরে এভারকেয়ার হাসপাতালে চিকিৎসা দেওয়া হয়। অবস্থার অবনতি হলে ১৫ ডিসেম্বর এয়ার অ্যাম্বুলেন্সে তাকে সিঙ্গাপুর নেওয়া হয়। সেখানেই বৃহস্পতিবার (১৮ ডিসেম্বর) তিনি শাহাদাত বরণ করেন।